

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ।

কাস্টমস্ হাউস ও শুদ্ধ স্টেশনসমূহে পণ্য খালাসে ভোগান্তি নিরসনকল্পে পদক্ষেপ গ্রহণ করেছে এনবিআরঃ
সামঞ্জস্যকরণ করা হচ্ছে পরিসংখ্যান বিষয়ক তথ্যাদি।


জাতীয় রাজস্ব বোর্ডের অধীন বিভিন্ন কাস্টমস্ হাউস ও শুদ্ধ স্টেশনসমূহে পণ্য খালাস নিয়ে আমদানি ও রপ্তানিকারকদের ভোগান্তি হচ্ছে মর্মে বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের গোচরীভূত হয়েছে। এ প্রেক্ষিতে কাস্টমস্ হাউস ও শুদ্ধ স্টেশনসমূহে পণ্য খালাস সংক্রান্ত বিষয়সহ অন্যান্য ক্ষেত্রে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান কতিপয় গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা দিয়েছেন, যা নিম্নরূপঃ

- কার্গো ক্লিয়ারেন্স/পণ্য খালাসে হয়রানি, সময়ক্ষেপণ, ভোগান্তি নিরসনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- কাস্টমস্ হাউস ও শুদ্ধ স্টেশনসমূহে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণ, স্ক্যানিং, ওয়েব্রীজ এবং সেবা প্রদান সংক্রান্ত সংশ্লিষ্ট আধুনিক যন্ত্রপাতির সর্বশেষ অবস্থা, পরিমাণ, চাহিদা প্রভৃতি নিরূপণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

এছাড়া, রাজস্ব সংগ্রহ সংক্রান্ত পরিসংখ্যান নিয়ে কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের সাথে উত্থাপিত মতদ্বৈততা সৃষ্টির কারণসমূহ চিহ্নিতকরণ, তা সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ইতঃপূর্বে গৃহীত পদক্ষেপ/উদ্যোগের ফলাফল কী তা অবহিতকরণ।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান এ বিষয়ে বলেন, জাতীয় রাজস্ব বোর্ড এখন একটি করদাতা, শিল্প, বিনিয়োগ, ব্যবসা তথা রাজস্ব বান্ধব সেবামুখী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সকল পর্যায়ের সম্মানিত করদাতাদের সর্বোচ্চ সেবা প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড বদ্ধপরিকর। তাই আমদানি-রপ্তানি কার্যক্রম নির্বিঘ্ন করতে সংশ্লিষ্ট কাস্টমস্ হাউস ও শুদ্ধ স্টেশনসমূহকে অধিকতর আন্তরিকতা ও সেবার মনোভাব নিয়ে যথাযথভাবে কাজ করতে হবে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হ'ল।


১৮/০৯/২০১৬
(সৈয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।